


# একাদশে ভর্তির প্রথম ধাপে ১০ লাখ ৭৩ হাজার আবেদন, ফল আজ

নিজস্ব প্রতিবেদক



সংগৃহীত ছবি

চলতি ২০২৫-২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিতে প্রথম ধাপে

অনলাইনে আবেদন প্রক্রিয়া শেষ হয়েছে। এ ধাপে আবেদন

করেছে ১০ লাখ ৭৩ হাজার ৩৩৬ জন শিক্ষার্থী। যাচাই-বাচাই

শেষে আজ বুধবার রাত ৮টার দিকে প্রথম ধাপের ফল প্রকাশ করা

হবে।

ভর্তি কমিটির সদস্যরা জানান, দেশের সব কলেজ ও মাদরাসায়

কেন্দ্রীয়ভাবে একাদশে ভর্তির আবেদন নেওয়া হচ্ছে।

প্রথম ধাপে গত ৩০ জুলাই থেকে ১৫ আগস্ট রাত ৮টা পর্যন্ত

আবেদন নেওয়া হয়েছে। এইচএসসি ও আলিমের একাদশ

শ্রেণিতে ভর্তির জন্য এই আবেদন নেওয়া হচ্ছে। কারিগরি

শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তি প্রক্রিয়া ভিন্নভাবে নেওয়া হয়।

গত ১০ জুলাই এসএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশিত

হয়।

এবার ১১টি শিক্ষা বোর্ডে মোট ১৩ লাখ তিন হাজার ৪২৬ জন  
পাস করে। পরে ফল পুনর্নিরীক্ষণে আরো চার হাজার ৭৯২ জন  
পরীক্ষার্থী পাস করে। সব মিলিয়ে পাস করা শিক্ষার্থীর সংখ্যা ১৩  
লাখ আট হাজার ২১৮।

এর মধ্যে কারিগরি শিক্ষা বোর্ড থেকে এসএসসি পাস করা  
শিক্ষার্থীর সংখ্যা এক লাখ চার হাজার ৪১১।

কারিগরি থেকে এসএসসি পাস করা শিক্ষার্থী ছাড়াই এবার স্কুল-  
মাদরাসা থেকে এসএসসি ও দাখিল পাস করেছে ১২ লাখ তিন  
হাজার ৮০৭ জন। সে হিসাবে এসএসসি ও দাখিল পাস করেও  
একাদশে ভর্তিতে প্রথম ধাপে আবেদন করেনি এক লাখ ৩০  
হাজার ৪৭১ জন।